



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই-১৬, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.doe.gov.bd


স্মারনং- ২২.০২.০০০০.১১১.১৮.০০১.১১- ৩০২

তারিখঃ ২৪/০৬/২০২০ খ্রিস্টাব্দ।
২৪/০৬/২০২০

অফিস আদেশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশে করোনা ভাইরাস প্রাদুর্ভাবের কারণে বিদ্যমান পরিস্থিতিতে তরল বর্জ্য সৃষ্টিকারী শিল্প প্রতিষ্ঠানের প্রশিক্ষিত বৈধ প্রতিনিধি দ্বারা তরল বর্জ্যের নমুনা সংগ্রহ ও সংরক্ষণ পূর্বক পরিবেশ অধিদপ্তরের গবেষণাগার সমূহে পৌঁছানোর অনুরোধ জানানো হয়েছিল (সূত্র : ২২.০২.০০০০.০১১.০৬.০০৩.২০.২০.১৪৮, তারিখ: ২৪/০৬/২০২০)। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে শিল্প প্রতিষ্ঠানসমূহ পরিবেশ অধিদপ্তরের গবেষণাগার সমূহে তরল বর্জ্যের নমুনা প্রেরণ করে আসছে। কিন্তু প্রায়শঃ লক্ষ্য করা যাচ্ছে, শিল্প প্রতিষ্ঠানসমূহ তরল বর্জ্যের নমুনা বৈজ্ঞানিক পদ্ধতিতে গবেষণাগারে প্রেরণ করতে ব্যর্থ হচ্ছেন যেমন ইটিপির Inlet ও Outlet নমুনা সঠিক ভাবে মার্কিং করতে না পারা, কোন কোন ক্ষেত্রে খালি বোতল জমা দেয়া, ইত্যাদি উল্লেখযোগ্য। তাছাড়া কিছু শিল্প প্রতিষ্ঠান এক প্রান্তিকের নমুনা প্রেরণ করে পরবর্তী প্রান্তিকের পূর্বেই তরল বর্জ্য প্রেরণ করছে। আবার কিছু প্রতিষ্ঠান একাধিক প্রান্তিকের নমুনা প্রেরণের সময় অতিক্রান্ত হওয়ার পরও তরল বর্জ্যের নমুনা প্রেরণ করছেন না।

বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে শিল্প প্রতিষ্ঠানের বৈধ প্রশিক্ষিত প্রতিনিধি কর্তৃক তরল বর্জ্যের নমুনা সংগ্রহ ও সংরক্ষণ পূর্বক পরিবেশ অধিদপ্তরের গবেষণাগারে প্রেরণ সংক্রান্ত ২৪/০৬/২০২০ তারিখের ২২.০২.০০০০.০১১.০৬.০০৩.২০.২০.১৪৮ সংখ্যক আদেশ ৩১ ডিসেম্বর ২০২০ তারিখ হতে বাতিল করা হলো এবং এরপর আর কোন নমুনা গ্রহণ করা হবে না। আগামী ১ জানুয়ারি ২০২১ তারিখ হতে পরিবেশ অধিদপ্তরের গবেষণাগারসমূহ কর্তৃক শিল্পকারখানা হতে পূর্বের নিয়মে তরল বর্জ্যের নমুনা সংগ্রহের জন্য নির্দেশনা প্রদান করা হলো।


(ড. এ. কে. এম. রফিক আহম্মদ)
মহাপরিচালক
ফোনঃ ০২-৮১৮১৮০০
ই-মেইল: dg@doe.gov.bd

বিতরণ : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। অতিরিক্ত মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন/ প্রাকৃতিক সম্পদ ব্যবহ/ পরিকল্পনা/বায়ুমান ব্যবস্থাপনা/ জলবায়ু পরিবর্তন/এনফোর্সমেন্ট/ আইন(চ. দা.)/আইটি/ পরিবেশগত ছাড়পত্র), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক (ঢাকা অঞ্চল/ ঢাকা মহাঃ/ ঢাকা গবেঃ/ চট্টগ্রাম মহাঃ/ চট্টগ্রাম গবেঃ/ চট্টগ্রাম অঞ্চল/খুলনা/রাজশাহী/ সিলেট/ বরিশাল/ ময়মনসিংহ/ রংপুর বিভাগ (চ. দা.), পরিবেশ অধিদপ্তর।
- ৪। পরিচালক (আইটি), পরিবেশ অধিদপ্তর, ঢাকা (নোটিশটি ওয়েসবাইটে প্রকাশ এবং সভায় প্রয়োজনীয় সহায়তা প্রদানের অনুরোধসহ)
- ৫। উপ-পরিচালক/নির্বাহী ম্যাজিস্ট্রেট (প্রশাসন/প্রচার/ অর্থ/পরিকল্পনা/ আইটি/আইন /প্রাসব্য/পানি ও জৈব/ইআইএ/বায়ুমান/ এনফোর্সমেন্ট/জলবায়ু পরিবর্তন), পরিবেশ অধিদপ্তর।
- ৬। উপ-পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তর জেলা কার্যালয়।
- ৭। সহকারী পরিচালক, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।